

স্মারক নং-৪২.০৩.০০০০.০০০.৫০৫.৯৯.০০০২.২৫-৪০৮

তারিখ: ১৯/০৫/২০২৬খ্রি.

ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আলোকে নদী গবেষণা ইনস্টিটিউটে প্রতি ৩(তিন) মাসে ০৬ জনকে ইন্টার্নশিপ প্রদান করা হচ্ছে, এর ধারাবাহিকতায় জুলাই-সেপ্টেম্বর এবং অক্টোবর-ডিসেম্বর ২০২৬ মেয়াদে ২ ব্যাচে ১২ জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নদী গবেষণা ইনস্টিটিউটের কাজের সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে (অবতীর্ণ প্রার্থীসহ)।

০২। আবেদনের যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে,

(খ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের ০২ (দুই) বছরের মধ্যে আবেদন করতে হবে, এবং

(গ) একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।

০৩। কোনো আবেদনকারী কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

০৪। ইন্টার্নশিপের জন্য সরকারি বিধি অনুযায়ী প্রত্যেককে মাসিক ১০(দশ) হাজার করে ইন্টার্নশীপ ভাতা প্রদান করা হবে (এতদ্বতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রাপ্য হবেন না)।

০৫। ইন্টার্নশিপ চলাকালীন সময়ে নির্বাচিত ইন্টার্নগণ সুপারভাইজার এর নির্দেশনামতে কাজ করবে এবং নদী গবেষণা ইনস্টিটিউট এর বিদ্যমান ল্যাব সুবিধাদি ব্যবহার করতে পারবে (প্রাপ্যতা সাপেক্ষে)।

০৬। সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর সনদ প্রদান করা হবে।

০৭। আগামী ২৩/০৬/২০২৬ খ্রি. তারিখে নদী গবেষণা ইনস্টিটিউটের ফরিদপুর ক্যাম্পাসে সকাল ১০.০০ ঘটিকার সময় মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে (তারিখ পরিবর্তন হলে অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে)।

০৮। ইন্টার্নশিপ সমাপনান্তে প্রার্থী নদী গবেষণা ইনস্টিটিউটে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।

০৯। নির্বাচিত প্রার্থীকে অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।


১০। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে rri.gov.bd ওয়েব সাইটের ফরম বস্তু হতে সংযুক্ত আবেদন ফরম ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের রজিন ছবি সংযুক্ত করে আগামী ১১ জুন-২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে rribd@yahoo.com ই-মেইল/ডাকযোগে অথবা সরাসরি আবেদন দাখিল করতে পারবে।

১১। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের (শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রজিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১২। ইন্টার্নশিপ আবেদনের ক্ষেত্রে নারী প্রার্থীগণকে উৎসাহিত করা যাচ্ছে।

১৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্তাবলী প্রযোজ্য হবে।

১৪। ইন্টার্নশিপ প্রদান সংক্রান্ত বিষয়ে যেকোন সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২২/৫/২০২৬
এস এম আবু হোরায়া
মহাপরিচালক